

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে বাংলাদেশের মহান স্বপ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর রাজনৈতিক দর্শন ও আদর্শকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে উপজেলা পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী


- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আগামী ১৮ জুলাই ২০২৩খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে ড্রাইভ লিংকের একসেস পাবলিক ভিউ থাকতে হবে
 - খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
 - গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯) অনুপাতে করতে হবে ;
 - ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইফড বা স্ট্যান্ড ব্যবহার করা সবথেকে সুবিধাজনক হবে;
 - ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
 - চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
 - ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
 - জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ (এক) মিনিট হতে হবে;
 - ঝ) ভিডিও সম্পাদনের সময় লক্ষ রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
 - ঞ) ভিডিওটির মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
 - ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- যোগাযোগ নম্বর: ০১৫১৫২৭৫৮৯১ ইমেইল নম্বর: unosonaimuri@gmail.com


মোঃ ইসমাইল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী
মোবাইল: ০১৭০৫-৪০৫০০১
E-mail: unosonaimuri@gmail.com

স্মারক নং ০৫.৪২.৭৫৮৩.০০১.১০.১০২.২৩-৪৯৮

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। মাননীয় সংসদ সদস্য, নোয়াখালী ০১ ও নোয়াখালী ০২।
- ০২। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ০৪। অফিসার ইন-চার্জ, সোনাইমুড়ী থানা, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ০৫। উপজেলাকর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী।
- ০৬। প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ.....সোনাইমুড়ী, নোয়াখালী।
- ০৭। নোটিশ বোর্ড।


উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী